EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

বিপসট-এ নতুন বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধনী অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট-এর বক্তব্য

৮ই জুলাই, ২০১৭

আসসালামু আলাইকুম, নমস্কার এবং শুভ অপরাহ্ন!

এই অনুষ্ঠান উপলক্ষে তৃতীয়বারের মত বিপসট-এ আপনাদের কাছে আসতে পেরে আমি আনন্দিত। আমি তখনও মুগ্ধ হয়েছি, এখন আরো বেশী মুগ্ধ হয়েছি এখানে যে কেন্দ্র নির্মাণ করা হয়েছে তা দেখে এবং এই নতুন সুবিধার ফলে উদ্ভুত সম্ভাবনার কথা ভেবে। তাই আজকের এই উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করার জন্য আমি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। দ্বি-পাক্ষিক সম্পর্কের জন্য এটি অসাধারণ মাইলফলক। এবং আমাদের দুই দেশের মধ্যে এটি অব্যাহত ও দীর্ঘস্থায়ী অংশীদারিত্বের প্রতিফলন। আমি এখানে প্রশিক্ষণপ্রাপ্ত শান্তিরক্ষীদেরকে তাদের কাজের জন্য ধন্যবাদ জানাই। বাংলাদেশ সেনাবাহিনী তাদের পেশাদারিত্ব, সাহস এবং সততার জন্য সারা বিশ্বে পরিচিত। বাংলাদেশী শান্তিরক্ষীদের অবদান প্রমাণ করে যে আরো অনেক ক্ষেত্রের মত বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের সেনাবাহিনী তাদের এই অবদান আরও জোরালভাবে অব্যাহত রাখবে। আপনাদের এই অবদানের ফলে বাংলাদেশ বিশ্বের অনেক দেশকেই ১৯৭১ সালে বাংলাদেশের অর্জন এর মত অর্জনে সহায়তা করতে পেরেছে; বিশেষত মানুষের মাঝে শান্তি প্রতিষ্ঠা এবং ভয় থেকে মুক্তি । এখানে অবাক হয়ার কারণ নেই যে বাংলাদেশী শান্তিরক্ষীদের সেবা এবং ত্যাগকে কৃতজ্ঞতা জানানোর জন্য সিয়েরা লিয়ন ২০০২ সালে বাংলা ভাষাকে তাদের অন্যতম প্রাতিষ্ঠানিক ভাষা হিসেবে গ্রহণ করেছে।

যারা বাংলাদেশ এবং বিশ্বের জন্য অবদান রেখেছে, সেই সকল পুরুষ এবং নারীদের প্রতি এবং আমাদের দ্বি-পাক্ষিক সম্পর্কের প্রতি সম্মান প্রদর্শন করার জন্য, আজকে এডমিরাল হ্যারী বি.

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

হ্যারিসকে এখানে পরিচিত করতে পেরে আমি অনেক গর্বিত। ১৯৭৮ সালে যুক্তরাষ্ট্রের নেভাল একাডেমী থেকে গ্রাজুয়েশন লাভের পর থেকে শুরু করে যুক্তরাষ্ট্রের সেবার জন্য এডমিরাল হ্যারিসের দীর্ঘ এবং অভিন্ন পেশাদার জীবন রয়েছে। তার অসংখ্য কমান্ড এবং স্টাফ পদবীর মধ্যে রয়েছে ডিরেক্টর অব অপারেশন্স, যুকরাষ্ট্র সাউদার্ন কমান্ড, ডেপুটি চীফ অফ নেভাল অপারেসন্স, কমান্ডার অফ দি ইউএস সিক্সথ ফ্লিট, এসিস্ট্যান্ট টু দ্যা চেয়ারম্যান অফ দ্যা জয়েন্ট চীফস অফ স্টাফ এবং কমান্ডার অফ দ্যা ইউএস প্যাসিফিক ফ্লিট। এডমিরাল হ্যারিস বর্তমানে ইউএস প্যাসিফিক কমান্ডের কমান্ডার হিসেবে কর্মরত, এবং আমি সম্মানিত বোধ করছি এমন একটি গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে তাকে পরিচিত করতে পেরে।

==========

**বক্তৃতার জন্য প্রস্তুতকৃত*